

# ২২ টাকা কেজি দরে কৃষকের সমস্ত ধান কিনে নিচ্ছে রাজ্য

## আজকালের প্রতিবেদন

২২ টাকা ৩ পয়সা কেজি দরে সমস্ত কৃষকের উৎপাদিত চাল কিনে নিয়েছে রাজ্য। সাড়ে ৫২ লক্ষ টন চাল কিনেছে সরকার। বুধবার বিধানসভায় কৃষি নিয়ে আনা একটি প্রস্তাবের আলোচনায় এ কথা জানিয়েছেন রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার। তিনি আরও বলেন, আমাদের রাজ্যের প্রান্তিক ও ক্ষুদ্র চাষিরাই ধান উৎপাদনে বাংলাকে দেশের এক নম্বর করে রেখেছে। অথচ কেন্দ্রীয়



প্রদীপ মজুমদার

সরকার এই প্রান্তিক কৃষকদের কাছ থেকে চাল কেনে না। এদিন রাজ্য বিধানসভায় কৃষি ও কৃষকদের নিয়ে একটি প্রস্তাব এনেছিলেন বিধায়ক নির্মল ঘোষ, তাপস রায়, অশোককুমার দেব ও রানা চ্যাটার্জি। দেড় ঘণ্টার আলোচনায় বিরোধীরা বিরোধিতা করেন। রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী জবাবে বিরোধীদের অভিযোগকে নস্যাৎ করে দেন। তিনি জানান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পরিকল্পনায় তিন ভাবে কৃষকদের আয় বৃদ্ধির পরিকল্পনা নেয় সরকার। এই তিনটি হল প্রযুক্তির ব্যবহার,

সরু ও সুগন্ধি চালের উৎপাদন বৃদ্ধি আর তৈলী বীজ, ভুট্টা ইত্যাদি চাষের ওপর জোর দেওয়া। এতে ২৬৬ লক্ষ ৫৩ হাজার মেট্রিক টন সুগন্ধি চালের উৎপাদন হয়, যা ২০১১-র আগে ছিল মাত্র ২ লক্ষ মেট্রিক টন। যেখানে অন্য চাষ হচ্ছে না, সেখানে ভুট্টা, সয়াবিন উৎপাদন হচ্ছে। মন্ত্রী বলেন, 'মোটামুটি চাষের বদলে ভুট্টা চাষে আয় বৃদ্ধি হয়েছে। আলু চাষে দেশে ২য় স্থানে বাংলা। কৃষি বিভাগ রোগমুক্ত আলু বীজ তৈরি করেছে। ১১৬৪ কুইন্টাল বীজ আমরা কৃষকদের দিয়েছি,

যা উত্তরোত্তর বৃদ্ধি পাবে। রাজ্যে উৎপাদিত রোগমুক্ত বীজে আমরা সাফল্য লাভ করেছি।' তিনি জানিয়েছেন কেন্দ্রীয় সরকারের দেওয়া ন্যূনতম সহায়কমূল্যের চেয়ে বেশি দামে ধান কিনে এ রাজ্যে কৃষকদের পাশে দাঁড়িয়েছে সরকার। ৯৬ লক্ষ পরিবারকে 'কৃষক বন্ধু'র আওতায় আনা হয়েছে বলে জানান তিনি। তিনি বলেন, 'প্রতিশ্রুতি রাখতে জানতে হয় যা মমতা ব্যানার্জির সরকার করে দেখিয়েছে।' এর পরই প্রস্তাবটি বিধানসভায় পাশ হয়ে যায়।